



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
কলেজ শাখা



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.২৩.০০১.২০.১১

তারিখ: ২১ আশ্বিন ১৪২৯

০৬ অক্টোবর ২০২২

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার শালিখা উপজেলাধীন সীমাখালী স্কুল এন্ড কলেজে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে পাঠদানের অনুমতি দেয়া হয়। শুরু থেকে এ প্রতিষ্ঠানে উচ্চমাধ্যমিক পর্যায়ে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি হয়নি। ২০১৭-২০১৮ শিক্ষা বর্ষ থেকে কোনো শিক্ষার্থীই উচ্চমাধ্যমিক পর্যায়ে ভর্তি হয়নি। ২০১৭ সালে ০৩ জন পরীক্ষার্থী উচ্চমাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে এবং ০২ জন উত্তীর্ণ হয়। এর পরে আর কোনো পরীক্ষার্থী উচ্চমাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করেনি।

এমতাবস্থায়, উপর্যুক্ত সীমাখালী স্কুল এন্ড কলেজে বিগত ০৫ বছরে উচ্চমাধ্যমিক পর্যায়ে কোনো শিক্ষার্থী ভর্তি না হওয়ায় এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় কোনো পরীক্ষার্থী অংশগ্রহণ না করায় কেন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি বাতিল করা হবে না তার সন্তোষজনক কারণ দর্শানোর জবাব পত্র জারির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬-১০-২০২২

কে এম রক্বানী

কলেজ পরিদর্শক

ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮

ফ্যাক্স: ০৪২১-৬৮৬৯২

ইমেইল: ic@jessoreboard.gov.bd

অধ্যক্ষ, সীমাখালী স্কুল এন্ড কলেজ, সীমাখালী, উপজেলা-
শালিখা, জেলা-মাগুরা

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.২৩.০০১.২০.১১/১(৫)

তারিখ: ২১ আশ্বিন ১৪২৯

০৬ অক্টোবর ২০২২

সংরক্ষণের জন্য প্রেরণ করা হল:

- ১) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, মাগুরা
- ২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শালিখা, মাগুরা
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শালিখা, মাগুরা
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫) সেকশন অফিসার, অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

৬-১০-২০২২

কে এম রক্বানী

কলেজ পরিদর্শক